

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
খাগড়াছড়ি পার্বত্য জেলা।  
( শিক্ষা ও কল্যাণ শাখা )  
www.khagrachhari.gov.bd

তারিখ : ০৩/০৩/২০২০ খ্রিস্টাব্দ।

স্মারক নম্বর : বিয়াম-ল্যাব.স্কুল/খাগড়াছড়ি-২-১৫-১৭৭

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিয়াম ফাউন্ডেশন, ঢাকা কর্তৃক নিয়ন্ত্রিত এবং জেলা প্রশাসন, খাগড়াছড়ি দ্বারা পরিচালিত বিয়াম ল্যাবরেটরি স্কুল, খাগড়াছড়ি (ইংলিশ ভার্সন) এর নিম্নবর্ণিত পদসমূহের জন্যে যোগ্যতাসম্পন্ন ও আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক	পদের নাম ও বিষয়	পদসংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন-ভাতা
০১	সহকারী শিক্ষক (খন্ডকালীন) ক. ইংরেজি খ. গণিত গ. বিজ্ঞান ও আইসিটি ঘ. চারুকলা	প্রতি পদে ০১ (এক) জন	অনুর্ধ্ব ৩৫ বৎসর	সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। শিক্ষা জীবনে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। শিক্ষকতায় অভিজ্ঞ, স্কুল নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ এবং ইংরেজি কথোপকথনে পারদর্শী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	বেতন-ভাতা আলোচনা সাপেক্ষে।
০২	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০১ (এক) জন	অনুর্ধ্ব ৩৫ বৎসর	ন্যূনতম এইচএসসি (বিজ্ঞান) পাস (২য় বিভাগ/জিপিএ ৩.০০)। প্রার্থীকে অবশ্যই অফিস করসপভেন্ট (এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট) এ দক্ষ হতে হবে। কোন স্তরে ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়।	

শর্তাদি :

- আগ্রহী প্রার্থীকে জেলা প্রশাসক ও সভাপতি, স্কুল পরিচালনা কমিটি, বিয়াম ল্যাবরেটরি স্কুল, খাগড়াছড়ি পার্বত্য জেলা বরাবর লিখিত আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, প্রার্থীর ছায়া ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, ধর্ম, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক আগামী ১৫/০৩/২০২০ তারিখের মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে বা সরাসরি জমা দিতে হবে। কোন অবস্থাতেই নির্ধারিত সময়ের পর প্রেরিত আবেদনপত্র গৃহীত হবে না।
- নির্ধারিত আবেদন ফরমটি [www.khagrachhari.gov.bd](http://www.khagrachhari.gov.bd) ওয়েবসাইটের প্রথম পাতায় নোটি বোর্ড সেকশনে এবং এ কার্যালয়ের শিক্ষা ও কল্যাণ শাখায় পাওয়া যাবে।
- প্রার্থীর বয়স ০১/০৩/২০২০ খ্রি- তারিখে অবশ্যই ৩৫ (পয়ত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে।
- আবেদনের সাথে প্রার্থীর পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতার সনদ (যদি থাকে), স্কুল শিক্ষক নিবন্ধন পরীক্ষার সনদ (যদি থাকে/প্রযোজ্য ক্ষেত্রে), নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি, মোবাইল নম্বর ও সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট রঙিন সাইজের ছবি সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের খামের উপরে পদ ও বিষয়ের নাম স্পষ্ট করে লিখতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- আবেদনপত্রের সাথে সভাপতি ; বিয়াম ল্যাবরেটরি স্কুল, খাগড়াছড়ি বরাবর যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে ইস্যুকৃত ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।
- ভূয়া তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং নিয়োগের পূর্বে বা পরবর্তী কোন পর্যায়ে আবেদনকারীর তথ্য ভূয়া/মিথ্যা প্রমাণিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং প্রয়োজনবোধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারীদের কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় মূল সনদপত্রাদি উপস্থাপন করতে হবে।
- শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার আলোকে আলোচনা সাপেক্ষে বেতন নির্ধারণ করা হবে।
- নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে যাবতীয় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৩/০৩/২০  
প্রতাপ চন্দ্র বিশ্বাস  
জেলা প্রশাসক

ও  
সভাপতি  
বিয়াম ল্যাবরেটরি স্কুল পরিচালনা কমিটি  
খাগড়াছড়ি পার্বত্য জেলা।